গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, আদিতমারী, লালমনিরহাট
www.doict.aditmari.lalmonirhat.gov.bd

বিষয় : উপজেলা আইসিটি কমিটির জানুয়ারী/ ২০২৪ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব নূর-ই-আলম সিদ্দিকী, উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী, লালমনিরহাট।

সভার তারিখ : ২৪ জানুয়ারী, ২০২৪ খ্রিঃ

সভার সময় : সকাল ১১.০০ টা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

উপস্থিতি : পরিশিষ্ট- "ক" ।

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সদস্য সচিবকে বিগত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ও চলমান কার্যক্রম সম্পর্কে আলোচনা শুরু করার জন্য আহবান করেন। উপজেলায় আইসিটির বিস্তার ও উন্নয়ন, সকল সরকারি দপ্তর ও প্রতিষ্ঠানের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদকরণ, সরকারি দপ্তরে ই-নথি বাস্তবায়ন ও অগ্রাধিকার প্রদান, শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ অন্যান্য ল্যাবের সুষ্ঠু ব্যবহার, সকল সরকারি দপ্তর ও কম্পিউটার ল্যাবে নিরবচ্ছিন্ন ইন্টারনেট সংযোগ চালু রাখা, হার পাওয়ার প্রকল্পের প্রশিক্ষণ বিষয়ে, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ এবং জনগণের দোরগোড়ায় ই-সেবা নিশ্চিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | **ওয়েব পোর্টাল সম্পর্কিত আলোচনা:** | ১. ১। স্ব স্ব দপ্তরের গুরুত্বপূর্ণ নোটিশ, জরুরী খবর, সভার কার্যবিবরণী, সিটিজেন চার্টার, সেবার পাওয়ার ধাপসমূহ, কর্মকর্তা-কর্মচারীর তথ্য সংযোজনসহ অন্যান্য তথ্যাদি নিয়মিত হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ ব্যাপারে কারিগরী সহায়তা গ্রহণের জন্য সহকারী প্রোগ্রামারের সাথে যোগাযোগের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১.২। বিগত মাসের সিদ্ধান্ত মোতাবেক উপজেলার সকল সরকারী দপ্তরের ওয়েব পোর্টালের হালনাগাদ রিপোর্ট উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নিকট পেশ করা হয় এবং যেসকল দপ্তরের পোর্টাল শতভাগ হালনাগাদ নেই সেসকল অফিসের পোর্টাল শতভাগ হালনাগাদ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় । | ১। সকল অফিস প্রধানগণ<br>২। সহকারী প্রোগ্রামার<br>৩। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)। |
| ২. | **ই-ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তি:** | ২.১। ই-ফাইল (নথি) এর মাধ্যমে নথির নিষ্পত্তি বৃদ্ধি করতে হবে। উপজেলা প্রশাসনসহ অন্যান্য সকল পত্র ই-নথিতে নিষ্পত্তি করতে | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। সহকারী কমিশনার |

| | | | |
|---|---|---|---|
| | | হবে।<br>২.২। উপজেলা ভূমি অফিস, উপজেলা সমবায় অফিস, উপজেলা শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ই-নথি লাইভ সার্ভারে থাকায় ই-নথি সিস্টেমে কার্যক্রম গ্রহন করতে হবে।<br>২.৩। যে সকল অফিস ই-নথি প্রশিক্ষণ পেয়েছে কিন্তু এখনো লাইভে আসে নাই সে সকল অফিসকে দ্রুত ই-নথি লাইভ সার্ভারে নিয়ে আসার কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>২.৪। সহকারী প্রোগ্রামার প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন। | (ভূমি)<br>৩। উপজেলা সমবায় অফিসার<br>৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>৫। উপজেলা শিক্ষা অফিসার<br>৬। সহকারী প্রোগ্রামার। |
| ৩. | **সরকারি ই-মেইল ব্যবহার:** | ৩.১। প্রত্যেক দপ্তর তার উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলচনার মাধ্যমে সরকারি ডোমেইনের আওতায় ইমেইল খোলার ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৩.২। যে সকল দপ্তরের সরকারি ডোমেইনের আওতায় ই-মেইল খোলা আছে, তারা সেই ই-মেইলের ব্যবহার ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করবেন। | ১। সকল দপ্তর প্রধানগণ। |
| ৪. | **হার পাওয়ার প্রকল্পের (প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন) প্রশিক্ষণ সংক্রান্ত:** | হার পাওয়ার প্রকল্পের "নারী আইটি সেবাদাতা" বিষয়ে দুটি ভেন্যু যথাক্রমে নামুড়ী মহাবিদ্যালয়ের শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও স্বনির্ভর কম্পিউটার ট্রেইনিং সেন্টার এ চারটি ব্যাচে মোট ৮০ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে । প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সভাপতি সংশ্লিষ্ট কমিটিকে নিয়মিত তদারকি করার জন্য নির্দেশ প্রদান করেন । | প্রশিক্ষণ কার্যক্রম মনিটরিং কমিটি,<br>সহকারী প্রোগ্রামার |
| ৫. | **শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব পরিদর্শন:** | ৫.১। শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহের যথাযথ ব্যবহার ও রক্ষণাবেক্ষণ এবং পরিদর্শন অব্যাহত রাখতে হবে।<br>৫.২। কম্পিউটার ল্যাবে যদি কোন যন্ত্র বা | ১। উপজেলা নির্বাহী অফিসার ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>৩। সহকারী প্রোগ্রামার<br>৪। প্রতিষ্ঠান প্রধানগণ। |

| | | | |
|---|---|---|---|
| | | যন্ত্রাংশ নষ্ট বা বিকল হয়, প্রতিষ্ঠান প্রধান তা সচল করার উদ্যোগ গ্রহণ করবেন। | |

০২। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় স্মার্ট বাংলাদেশ গঠনে কার্যকর ভূমিকা রাখতে সকলকে অনুরোধ এবং ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন ।

২৪/০১/২৪

(নূর-ই-আলম সিদ্দিকী)
উপজেলা নির্বাহী অফিসার
আদিতমারী, লালমনিরহাট
ফোন: ০২৫৮-৮৮৭৭৯৭৫ (অফিস)
ই-মইেলঃ
unoaditmari@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, আদিতমারী, লালমনিরহাট
www.doict.aditmari.lalmonirhat.gov.bd

স্মারক নং- ৫৬.০৪.৫২০২.০০০.০৬.০০১.১৯- ০৭

তারিখঃ ১০ মাঘ ১৪৩০ বঃ / ২৪ জানুয়ারী ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. জনাব নুরুজ্জামান আহমেদ, জাতীয় সংসদ সদস্য-১৭, লালমনিরহাট-২ ।
০২. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা ।
০৩. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা ।
০৪. জেলা প্রশাসক, লালমনিরহাট ।
০৫. চেয়ারম্যান , উপজেলা পরিষদ্ , আদিতমারী, লালমনিরহাট ।
০৬. সহকারী কমিশনার (ভূমি), আদিতমারী, লালমনিরহাট ।
০৭. অধ্যক্ষ, আদিতমারী সরকারি কলেজ, আদিতমারী, লালমনিরহাট ।
০৮. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, আদিতমারী, লালমনিরহাট ।
০৯. উপজেলা কৃষি অফিসার, আদিতমারী, লালমনিরহাট ।
১০. অফিসার-ইন-চার্জ, আদিতমারী, লালমনিরহাট ।
১১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আদিতমারী, লালমনিরহাট ।
১২. উপজেলা শিক্ষা অফিসার, আদিতমারী, লালমনিরহাট ।

১৩. উপজেলা সমাজ সেবা অফিসার, আদিতমারী, লালমনিরহাট ।
১৪. অধ্যক্ষ, কেঃ বিঃ বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, আদিতমারী, লালমনিরহাট
১৫. অধ্যক্ষ, আদিতমারী জি এস মডেল স্কুল ও কলেজ,আদিতমারী, লালমনিরহাট
১৬. অধ্যক্ষ, কুমড়ীরহাট উচ্চ বিদ্যালয়, আদিতমারী, লালমনিরহাট
১৭. উপ-সহকারী প্রকৌশলী, বিটিসিএল, আদিতমারী, লালমনিরহাট ।
১৮. অফিস কপি।

২৪/০২/২০২৪

(মোঃ রফিকুল ইসলাম)
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
আদিতমারী, লালমনিরহাট ।
মোবাইল – ০১৭৩৭৮৩২৭০৪